শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ
শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি
মুজিব শতবর্ষ MUJIB 100
শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি
ভাতশালা, শেরপুর।
Telephone No-0931-61026, 61121, E-Mail-sherpurpbs@yahoo.com, WEB: www.pbs.sherpur.gov.bd

স্মারক নং-২৭.১২.৮৯৮৮.৫৬৩.০২.০০৮.২২. ৯৫২৫ | ১০ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ।
তারিখ ঃ ২৪ মার্চ, ২০২২ খ্রিস্টাব্দ।

নিয়োগ বিজ্ঞপ্তি

বিষয়ঃ বিলিং সহকারী পদে কাজ নাই, মজুরী নাই শর্তে নিয়োগ বিজ্ঞপ্তি।

বাপবিবোর্ডের স্মারক নং- ২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.২১.৩৪১৫; তারিখঃ ৩০/১২/২০২১ খ্রিঃ এবং স্মারক নং- ২৭.১২.০০০০.১১০.৫৮.০০৪.২২.৩৮৮৪; তারিখঃ ১৬/০২/২০২২ খ্রিঃ এর প্রেক্ষিতে শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতিতে "কাজ নাই, মজুরী নাই" শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে মহিলাদের জন্য সংরক্ষিত বিলিং সহকারী পদে নিয়োগের প্যানেল তৈরীর নিমিত্তে যোগ্যতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী (শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দা) মহিলা প্রার্থীগণের নিকট থেকে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরনকৃত দরখাস্ত আহবান করা যাচ্ছে। পদের নামের পাশে শূণ্য পদের সংখ্যা, প্রার্থীর বয়সসীমা, প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা উল্লেখ করা হলোঃ

পদের নাম	শূণ্য পদের সংখ্যা	বয়স সীমা	প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	মজুরী	যে জেলার প্রার্থীরা আবেদন করতে পারবেন
বিলিং সহকারী (কাজ নাই মজুরী নাই) (মহিলাদের জন্য সংরক্ষিত)	০৭ (সাত) টি (নিয়োগ প্রদানকালীন এ সংখ্যা কম/ বেশী হতে পারে)।	১৪/০৪/২০২২ খ্রিঃ তারিখে বয়স সর্বনিম্ন ১৮ বছর হতে অনুর্ধ্ব ৩০ (ত্রিশ) বছর	(ক) এস.এস.সি. বা সমমান ও এইচ.এস.সি. বা সমমান উভয় পরীক্ষায় জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম ৩.০০ সহ উত্তীর্ণ হতে হবে। (খ) প্রার্থীর কম্পিউটারে ও গাণিতিক বিষয়ে ভাল জ্ঞান থাকতে হবে। (গ) প্রার্থীকে কম্পিউটারে বাংলায় প্রতি মিনিট ন্যূনতম ১০ ও ইংরেজীতে প্রতি মিনিটে ৩০টি শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে।	দৈনিক ৮০০.০০ (আটশত) টাকা	শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দা (শেরপুর জেলার সকল উপজেলা এবং জামালপুর জেলার জামালপুর সদর উপজেলার তুলশীরচর ও লক্ষীরচর ইউনিয়নের স্থায়ীভাবে বসবাসকারী প্রার্থী) শুধুমাত্র মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

শর্তাবলীঃ

০১। নির্ধারিত আবেদন ফরম (ভার্সন-০১) শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েবসাইট www.pbs.sherpur.gov.bd হতে ডাউনলোড করে সংগ্রহ করতে হবে (পূরণযোগ্য প্রবেশ পত্রসহ। আবেদনফর্ম A4 সাইজের কাগজে হতে হবে।

০২। নির্ধারিত আবেদন ফর্ম (ভার্সন-০১) ব্যতীত অন্য কোন আবেদন ফর্মে আবেদন করলে আবেদন বাতিল বলে গণ্য হবে এবং আবেদন ফর্মটি আবেদনকারীকে স্বহস্তে পূরণ করতে হবে।

mail sent - 28/03/22

০৩। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পুরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বে বা পরে যেকোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদনপত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

০৪। আবেদনপত্রের সাথে প্রার্থীর চাহিত সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত অনুলিপি (মার্কশীট/ প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়), নাগরিকত্ব সনদ, সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের রঙ্গীন ছবি (নাম, পদবী সম্বলিত সীলমোহর সহ ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে) এবং জেনারেল ম্যানেজার, শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতি, ভাতশালা, শেরপুর এর অনুকূলে ১০০/- (একশত) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

০৫। বর্ণিত শূন্য পদের সংখ্যা নিয়োগ প্রদানকালীন কম/বেশী হতে পারে।

০৬। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা, নিজ জেলাসহ আবেদনপত্রে প্রদত্ত অন্যান্য যেকোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতি প্রমাণিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে।

০৭। এ ধরনের অস্থায়ী ভিত্তিতে নিয়োগ কোন ক্রমেই স্থায়ী করা হবে না। যতদিন প্রয়োজন ততদিন "কাজ নাই মজুরী নাই" ভিত্তিতে এ নিয়োগ বলবৎ থাকবে।

০৮। কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যেকোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

০৯। আবেদনপত্র আগামী ১৪/০৪/২০২২ খ্রিঃ অফিস সময়ের মধ্যে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসে প্রেরণ করতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গৃহীত হবে না।

১০। নিয়োগ পরীক্ষা যে তারিখে অনুষ্ঠিত হবে তা আবেদনকারীদেরকে ডাকযোগে প্রেরিত প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে। এছাড়াও পুরণকৃত ফর্মে প্রদত্ত মোবাইল ফোন নম্বরে SMS এর মাধ্যমে জানানো হবে।

১১। লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার ভিত্তিতে প্রার্থী বাছাই করা হবে।

১২। প্রার্থীকে শেরপুর পবিসের যে কোন অফিসে চাকুরী করতে বাধ্য থাকতে হবে।

১৩। আবেদনকারী শেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার বরাবর খামের উপর পদের নাম উল্লেখ পূর্বক নির্ধারিত ছকের (ক্রমিক নং-০১) আবেদনপত্র স্বহস্তে পূরণ করে চাহিত কাগজপত্রাদি সহ প্রেরণ করবেন।

28/3/22

(প্রকৌঃ মোঃ আলী হোসেন)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের নিমিত্ত আপনার নোটিশ বোর্ডে টানানোর ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। জেলা প্রশাসক, শেরপুর।
০৩। পুলিশ সুপার, শেরপুর।
০৪। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পরিঃ (কেঃ অঃ)/মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৫। উপজেলা নির্বাহী অফিসার......................উপজেলা, শেরপুর।
০৬। ডিজিএম (কারিগরী- সদর দপ্তর)/নালিতাবাড়ী/শ্রীবরদী জোনাল অফিস, শেরপুর পবিস।
০৭। এজিএম (ওএন্ডএম/ইএন্ডসি/এমএস/অর্থ/আইটি), শেরপুর পবিস।
০৮। এজিএম (ওএন্ডএম), নকলা/ঝিনাইগাতী সাব-জোনাল অফিস, শেরপুর পবিস।
০৯। অফিস কপি/মাস্টার কপি।

28/3/22

(প্রকৌঃ মোঃ আলী হোসেন)
জেনারেল ম্যানেজার